যুগান্তর

তারিখ 28 NOV 2016
পৃষ্ঠা 2 কলাম ৩

জাতীয় বিশ্ববিদ্যালয়

# অনার্স পরীক্ষার ফল ত্রুটির ঘটনায় তদন্ত কমিটি গঠন

**গাজীপুর প্রতিনিধি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৪ সালের অনার্স ৪র্থ বর্ষের ফলাফলে আংশিক ত্রুটির ঘটনায় তিন সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (একাডেমিক) প্রফেসর ড. মো. হাসান বাবুর নেতৃত্বে তিন সদস্যের এ কমিটি বিষয়টি তদন্ত করবেন। কিভাবে এ ত্রুটি ঘটল তা খতিয়ে দেখার জন্য তদন্ত কমিটিকে নির্দেশ দেয়া হয়েছে। ওই কমিটির রিপোর্টের ভিত্তিতে পরে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। আর প্রকাশিত ফলাফলে অনিচ্ছাকৃত ত্রুটির জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সবার কাছে আন্তরিকভাবে দুঃখ প্রকাশও করছেন।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানান, ২৭ সেপ্টেম্বর জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৪ সালের অনার্স ৪র্থ বর্ষের ফলাফলে আংশিক ত্রুটি পরিলক্ষিত হলে ২৪ নভেম্বর তা সংশোধনপূর্বক প্রকাশ করা হয়েছে। ফলাফল প্রস্তুতের ক্ষেত্রে প্রযুক্তিগত ত্রুটির কারণে প্রকাশিত ফলাফলে কিছু পরীক্ষার্থীর ফল ভুল আসায় কর্তৃপক্ষের গোচরীভূত হওয়া মাত্রই তা সংশোধন করা হয়েছে। ওই ত্রুটি সংশোধনের ফলে ওই পরীক্ষায় ১ লাখ ২৩ হাজার পরীক্ষার্থীর মধ্যে প্রায় ৯ হাজার পরীক্ষার্থীর ফলাফলে কিছুটা ভিন্নতা এসেছে এবং পাঁচ হাজারের অধিক পরীক্ষার্থীর CGPA বৃদ্ধি পেয়েছে।

**মাস্টার্স পরীক্ষার আবেদন ফরম পূরণ শুরু :** জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৩-২০১৪ শিক্ষা বর্ষের (নিয়মিত) এবং ২০১৪ সালের (অনিয়মিত ও মানোন্নয়ন) এমএ/এমএসএস/এমবিএ/এম মিউজ শেষ পর্ব (আইসিটিসহ) পরীক্ষার আবেদন ফরম পূরণ ২৭ নভেম্বর থেকে শুরু হয়েছে এবং চলবে ১৫ ডিসেম্বর পর্যন্ত।